Registered No. DA-1.

# The Bangladesh Gazette

*Extraordinary*

**Published by Authority**

**MONDAY, FEBRUARY 16, 1976**

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

**MINISTRY OF HEALTH, POPULATION CONTROL AND LABOUR**

**(Labour and Social Welfare Division)**

*Section VI*

NOTIFICATION

**Dacca, the 16th February 1976.**

**No. S.R.O. 65-L/76/S-VI/2(4)/75/57.**—In exercise of the powers conferred by clause (a) of sub-section (*1*) of section 6 of the Minimum Wages Ordinance, 1961 (XXXIX of 1961), the Government is pleased to declare the rates of wages specified in the Schedule below, being the rates of wages recommended by the Minimum Wages Board, to be the minimum rates of wages of the various workers employed in the Hosiery Industries in Bangladesh.

SCHEDULE

বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

হোসিয়ারী শিল্প প্রতিষ্ঠান

সুপারিশ, ১৯৭৬

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের (১৯৬১ সনের অধ্যাদেশ নং ৩৯) বিধান অনুযায়ী বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড প্রতিষ্ঠিত। ১৯৭৫ সনের ১৮ই মার্চ ও ২৬শে এপ্রিল গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার "হোসিয়ারী শিল্প প্রতিষ্ঠানে" নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী ধার্যকল্পে যথাক্রমে সরকারী বিজ্ঞপ্তি নং এস, আর. ও, এস-ছয়/আর-৪/৭৫/১০৫ এবং এস, আর, ও, ১৪৬-এল/৭৫ শা-চার/৭৫/১৩৮ মোতাবেক বোর্ড গঠন করেন এবং প্রয়োজনীয় তদন্তক্রমে উক্ত শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী ধার্যের সুপারিশ করিবার নির্দেশ দেন।



*Price: 50 Paisa.*

বোর্ড বাংলাদেশে অবস্থিত ছোট বড় বেশ কিছু সংখ্যক হোসিয়ারী শিল্প প্রতিষ্ঠান পরিদর্শনক্রমে বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের কর্মাবস্থা, মজুরীর রেজিষ্টার, মালিকের মজুরী প্রদানের পদ্ধতি, অর্থনৈতিক অবস্থা, সকল শ্রমিকদের বিশেষ করিয়া হোসিয়ারী শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের জীবিকা নির্বাহের ব্যয়সমেত আরও অন্যান্য বিষয় পর্যবেক্ষণ করেন।

বোর্ড শিল্প প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিকদের পক্ষ হইতে প্রয়োজনীয় তথ্যাবলী সংগ্রহ করিয়া তাহার তদন্ত কার্য সম্পন্ন করিয়া তাহাদের প্রস্তাবিত সুপারিশের খসড়া প্রণয়ন করেন এবং উক্ত খসড়া সুপারিশ ১৯৬১ সনের নিম্নতম মজুরী আইনের ১৫ ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ গেজেটের মাধ্যমে প্রকাশ করেন, যাহাতে ক্ষতিগ্রস্ত ব্যক্তিরা লিখিত আপত্তি অথবা তথ্যাভিত্তিক বক্তব্য পেশ করিবার সুযোগ পান।

বোর্ড তাহাদের পেশকৃত আপত্তি/বক্তব্য বিস্তারিতভাবে পর্যালোচনা করিয়া এবং দেশের অন্যান্য শিল্প প্রতিষ্ঠানের দেওয়া প্রচলিত নিম্নতম মজুরী, সাধারণ জীবিকা নির্বাহের ব্যয় ইত্যাদি বিশেষভাবে বিবেচনাক্রমে ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেনঃ

(১) বাংলাদেশে অবস্থিত সমগ্র হোসিয়ারী শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের জানামত পদ বা কাজসমূহকে সুষমভিত্তিক তাহাদের কাজের প্রকৃতি, প্রশিক্ষণের তারতম্য, জ্ঞান, অভিজ্ঞতা, দক্ষতা, যোগ্যতা, দায়িত্ব, শারীরিক মেহনত ও কাজের ঝুঁকি ইত্যাদি বিবেচনাক্রমে দক্ষ, আধা-দক্ষ ও অদক্ষ এই তিন শ্রেণীতে বিভক্ত করা হউক যাহা অত্রসহ "ক" পরিচ্ছেদে বলা হইয়াছে।

(২) এখন হইতে শিল্প প্রতিষ্ঠানের মালিক "ক" পরিচ্ছেদে উল্লিখিত শ্রমিকদের পদবিন্যাস অনুযায়ী যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিষ্টারভুক্ত করিবেন এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপ প্রদান করিবেন।

(৩) যদি কোন কারণে কোন পদ "ক" পরিচ্ছেদে উল্লিখিত না হয় তবে উক্ত শিল্প প্রতিষ্ঠানের মালিক অবশ্যই উক্ত পদ বা কাজের শ্রেণী নির্ধারণক্রমে এতদসংগে গ্রথিত "খ" পরিচ্ছেদে উল্লিখিত নিম্নতম মজুরী প্রদান করিবেন এবং অনতিবিলম্বে এই সংশোধনের বিষয় নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যানকে জানাইবেন।

(৪) শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকদের মধ্যে "ক" পরিচ্ছেদে বর্ণিত নেক কাটিং ও আস্তিনম্যান (জুনিয়র), কাটিংম্যান (জুনিয়র), ওভারলকম্যান (জুনিয়র), চেইনম্যান (জুনিয়র) শ্রেণীভুক্ত শ্রমিকগণ ৩ (তিন) বৎসরকাল আধা-দক্ষ হিসাবে কার্য সম্পন্ন করিলে তাহাদিগকে দক্ষ শ্রেণীভুক্ত করিতে হইবে।

(৫) যদি কোন শিল্প প্রতিষ্ঠানের কোন শ্রমিক কন্ট্রাক্টরের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকগণও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২ ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী কন্ট্রাক্টরও মালিকের ন্যায় উল্লিখিত ৩ নং সুপারিশ মোতাবেক কার্য করিবেন।

(৬) শিল্প প্রতিষ্ঠানের মালিক তাহাদের বিভিন্ন পদে নিয়োজিত শ্রমিকদেরকে (যাহাদের বিষয় "ক" পরিচ্ছেদে বলা হইয়াছে) "খ" পরিচ্ছেদে নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম দিতে পারিবেন না।

(৭) যদি কোন শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রমিকদেরকে ফুরনভিত্তিক মজুরী দিয়া থাকেন তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর হার এরূপভাবে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের (যাহা "ক" পরিচ্ছেদে বলা হইয়াছে) জন্য নির্ধারিত নিম্নতম মজুরী (যাহা "খ" পরিচ্ছেদে উল্লিখিত হইয়াছে) অপেক্ষা কম না পায়।

(৮) নির্ধারিত নিম্নতম মজুরী যাহা "খ" পরিচ্ছেদে উল্লিখিত হইয়াছে তাহা সর্বোচ্চ মজুরী হিসাবে গণ্য হইবে না এবং বর্তমানে নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী দেওয়া হইয়া থাকে তাহা হ্রাস করা যাইবে না। অবশ্য নিয়োগকর্তা/মালিক পক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে এককভাবে অথবা যৌথ চুক্তি অনুযায়ী অধিকতর অভিজ্ঞতাসম্পন্ন শ্রমিককে, কোন বিশেষ এলাকার জীবনযাত্রার ব্যয়, ঝুঁকি অথবা অপর কোন কারণে উচ্চ হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

(৯) নির্ধারিত নিম্নতম মজুরী যাহা "খ" পরিচ্ছেদে উল্লিখিত হইয়াছে তাহা ১লা ডিসেম্বর, ১৯৭৫ ইং হইতে কার্যকরী হইবে।

জে, জি, ভৌমিক
চেয়ারম্যান,
নিম্নতম মজুরী বোর্ড।

আঃ ফারুক
নির্দলীয় সদস্য।

আতাউল হক
মালিক পক্ষের সদস্য।

নূর আহ্‌মেদ
মালিক পক্ষের সদস্য।

মির্সির আহ্‌মেদ ভুঁইয়া
শ্রমিক পক্ষের সদস্য।

"ক" পরিচ্ছেদ

দক্ষ

১। বডি মেসিনম্যান।
২। ফিটার।
৩। নেক কাটিং ও আস্তিনম্যান (সিনিয়র)।
৪। কাটিংম্যান (সিনিয়র)।
৫। ওভারলকম্যান (সিনিয়র)।
৬। চেইনম্যান (সিনিয়র)।
৭। ফ্লাইট লকম্যান (সিনিয়র)।
৮। ইস্ত্রিম্যান (সিনিয়র)।

আধা-দক্ষ

১। ক্যালেন্ডারম্যান।
২। ফনিংম্যান।
৩। চেক মেন্ডিংম্যান।
৪। নেক কাটিং ও আস্তিনম্যান (জুনিয়র)।
৫। কাটিংম্যান (জুনিয়র)।
৬। ওভারলকম্যান (জুনিয়র)।
৭। চেইনম্যান (জুনিয়র)।
৮। ফ্লাটলকম্যান (জুনিয়র)।
৯। ইস্ত্রিম্যান (জুনিয়র)।

অদক্ষ

১। পেকারম্যান।
২। হেল্পার।
৩। টিকেটম্যান।

"খ" পরিচ্ছেদ

নিম্নতম মজুরী

| | | | |
|---|---|---|---|
| ১। দক্ষ | ... | ... | ২৯০ টাকা প্রতি মাসে। |
| ২। আধা-দক্ষ | ... | ... | ২৫০ টাকা প্রতি মাসে। |
| ৩। অদক্ষ | ... | ... | ২০০ টাকা প্রতি মাসে। |

(কর্মরত ২৬ দিনে এক মাস এবং কর্মরত ৮ ঘন্টায় এক দিন হিসাবে গণনা করিতে হইবে)।

By order of the President
MUHAMMAD KHADEM ALI
*Deputy Secretary.*

---

## MINISTRY OF HEALTH, POPULATION CONTROL AND LABOUR

**(Labour and Social Welfare Division)**

*Section VI*

NOTIFICATION

**Dacca, the 16th February 1976.**

**No. S.R.O. 67-L/76/S-VI/2(16)/75/58.**—In exercise of the powers conferred by clause (a) of sub-section (*1*) of section 6 of the Minimum Wages Ordinance, 1961 (XXXIX of 1961), the Government is pleased to declare the rates of wages specified in the Schedule below, being the rates of wages recommended by the Minimum Wages Board, to be the minimum rates of wages of the various workers employed in the Cold Storage and Ice Factories Industry in Bangladesh.

SCHEDULE

বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

হিমাগার এবং বরফ কারখানা

(কোল্ড ষ্টোরেজ এন্ড আইস ফ্যাক্টরীজ)

সুপারিশ, ১৯৭৬

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের (১৯৬১ সনের ৩৯ নং অর্ডিন্যান্স) বিধানানুযায়ী প্রতিষ্ঠিত বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড ১৯৭৩ সনের ২৪শে আগষ্ট গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার "কোল্ড ষ্টোরেজ এন্ড আইস ফ্যাক্টরীজ" শিল্প প্রতিষ্ঠানের জন্য নিম্নতম মজুরী ধার্যকল্পে সরকারী বিজ্ঞপ্তি নং এম, এল/ছয়/আর-৪/৪৭৬ মোতাবেক বোর্ড গঠন করেন এবং প্রয়োজনীয় তদন্তক্রমে উক্ত প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের মজুরী ধার্যের সুপারিশ করিবার নির্দেশ দেন।

বোর্ড বাংলাদেশে অবস্থিত ছোটবড় অনেকগুলি হিমাগার (কোল্ড ষ্টোরেজ) পরিদর্শনক্রমে বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের কর্মাবস্থা, মজুরীর রেজিষ্টার, মালিকের মজুরী প্রদানের পদ্ধতি, অর্থনৈতিক অবস্থা, সকল শ্রমিকের বিশেষ করিয়া হিমাগার (কোল্ড ষ্টোরেজ) শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের জীবিকা নির্বাহের ব্যয়সমেত আরও অন্যান্য বিষয় পর্যবেক্ষণ করেন। বোর্ড শিল্প প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিকদের পক্ষ হইতে প্রয়োজনীয় তথ্যাবলী সংগ্রহ করিয়া তাহার

তদন্ত কার্য সম্পন্ন করিয়া তাহাদের প্রস্তাবিত সুপারিশের খসড়া প্রণয়ন করেন এবং উক্ত খসড়া সুপারিশ ১৯৬১ সনের নিম্নতম মজুরী আইনের ১৫ ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ গেজেটের মাধ্যমে প্রকাশ করেন, যাহাতে ক্ষতিগ্রস্ত ব্যক্তিরা লিখিত আপত্তি অথবা তথ্যভিত্তিক বক্তব্য পেশ করিবার সুযোগ পান।

বোর্ড তাহাদের পেশকৃত আপত্তি/বক্তব্য বিস্তারিতভাবে পর্যালোচনা করিয়া এবং দেশের অন্যান্য শিল্প প্রতিষ্ঠানের দেওয়া প্রচলিত নিম্নতম মজুরী, সাধারণ জীবিকা নির্বাহের ব্যয় ইত্যাদি বিশেষভাবে বিবেচনাক্রমে ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেনঃ

(১) বাংলাদেশে অবস্থিত সমগ্র হিমাগার (কোল্ড ষ্টোরেজ) শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের জানামত সমস্ত পদ বা কাজসমূহকে স্বধর্মভিত্তিক তাহাদের কাজের প্রকৃতি, প্রশিক্ষণের তারতম্য, জ্ঞান, অভিজ্ঞতা, দক্ষতা, যোগ্যতা, দায়িত্ব, শারীরিক মেহনত ও কাজের ঝুঁকি ইত্যাদি বিবেচনাক্রমে দক্ষ, আধা-দক্ষ (ক), আধা-দক্ষ (খ) ও অদক্ষ এই চারি শ্রেণীতে বিভক্ত করা হউক যাহা অত্রসহ "ক" পরিচ্ছেদে বলা হইয়াছে।

(২) এখন হইতে শিল্প প্রতিষ্ঠানের মালিক "ক" পরিচ্ছেদে উল্লিখিত শ্রমিকদের পদবিন্যাস অনুযায়ী যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিষ্টারভুক্ত করিবেন এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপ প্রদান করিবেন।

(৩) যদি কোন কারণে কোন পদ "ক" পরিচ্ছেদে উল্লিখিত না হয় তবে উক্ত শিল্প প্রতিষ্ঠানের মালিক অবশ্যই উক্ত পদ বা কাজের শ্রেণী নির্ধারণক্রমে এতদসংগে গ্রথিত "খ" পরিচ্ছেদে উল্লিখিত নিম্নতম মজুরী প্রদান করিবেন এবং অনতিবিলম্বে এই সংশোধনের বিষয় নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যানকে জানাইবেন।

(৪) যদি কোন শিল্প প্রতিষ্ঠানে কোন শ্রমিক কন্ট্রাক্টরের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী কন্ট্রাক্টরও 'মালিকের' ন্যায় উপরোল্লিখিত ৩ নং সুপারিশ মোতাবেক কার্য করিবেন।

(৫) শিল্প প্রতিষ্ঠানের মালিক তাহাদের বিভিন্ন পদে নিয়োজিত শ্রমিকদেরকে (যাহাদের বিষয় "ক" পরিচ্ছেদে বলা হইয়াছে) "খ" পরিচ্ছেদে নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম দিতে পারিবেন না।

(৬) যদি কোন শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রমিকদেরকে ফুরনভিত্তিক মজুরী দিয়া থাকেন তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর হার এইরূপভাবে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের (যাহা "ক" পরিচ্ছেদে বলা হইয়াছে) জন্য নির্ধারিত নিম্নতম মজুরী (যাহা "খ" পরিচ্ছেদে উল্লিখিত হইয়াছে) অপেক্ষা কম না পায়।

(৭) নির্ধারিত নিম্নতম মজুরী যাহা "খ" পরিচ্ছেদে উল্লিখিত হইয়াছে তাহা সর্বোচ্চ মজুরী হিসাবে গণ্য হইবে না এবং বর্তমানে নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী দেওয়া হইয়া থাকে তাহা হ্রাস করা যাইবে না। অবশ্য নিয়োগকর্তা/মালিক পক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে এককভাবে অথবা যৌথ চুক্তি অনুযায়ী অধিকতর অভিজ্ঞতা, কোন বিশেষ এলাকার জীবনযাত্রার ব্যয়, ঝুঁকি অথবা অপর কোন কারণে উচ্চহারে মজুরী প্রদান করিতে পারিবেন।

(৮) নির্ধারিত নিম্নতম মজুরী যাহা "খ" পরিচ্ছেদে উল্লিখিত হইয়াছে তাহা সরকারী গেজেটে প্রকাশের তারিখ হইতে কার্যকরী হইবে।

জে, জি, ভৌমিক
চেয়ারম্যান,
নিম্নতম মজুরী বোর্ড।

আঃ ফারুক
নির্দলীয় সদস্য।

আতাউল হক
মালিক পক্ষের সদস্য।

এম, এ, মান্নান
শ্রমিক পক্ষের সদস্য।

"ক" পরিচ্ছেদ

অদক্ষ

১। দারোয়ান।
২। পিয়ন।
৩। ঝাড়ুদার।
৪। হেলপার।
৫। টেনক্ম্যান।

আধা-দক্ষ (ক)

১। সুপারভাইজার।
২। অপারেটর।

আধা-দক্ষ (খ)

১। বিদ্যুৎ মিস্ত্রী।
২। কেরাণী (সকল প্রকার)।
৩। ক্যাসিয়ার।

দক্ষ

১। একাউন্টেন্ট।
২। হেড অপারেটর।
৩। চীফ্ অপারেটর।
৪। অপারেটর-ইন্চার্জ।

"খ" পরিচ্ছেদ

নিম্নতম মজুরী

| | | | |
|---|---|---|---|
| দক্ষ | ... | ... | ৩৪০ টাকা প্রতি মাসে |
| আধা-দক্ষ (ক) | ... | ... | ২৬০ টাকা প্রতি মাসে |
| আধা-দক্ষ (খ) | ... | ... | ২৫০ টাকা প্রতি মাসে |
| অদক্ষ | ... | ... | ২০০ টাকা প্রতি মাসে |

(কর্মরত ২৬ দিনে এক মাস এবং কর্মরত ৮ ঘন্টায় একদিন হিসাবে গণনা করিতে হইবে)।

By order of the President
MUHAMMAD KHADEM ALI
*Deputy Secretary.*

## MINISTRY OF FINANCE

(Sales Tax)

NOTIFICATIONS

**Dacca, the 16th February 1976.**

**No. S.R.O. 68-L/76.**—In exercise of the powers conferred by sub-section (*1*) of section 7 of the Sales Tax Act, 1951 (III of 1951), the Government is pleased to make the following further amendment in the Ministry of Finance Notification No. S.R.O. 121(I)/70, dated the 29th June. 1970, namely:—

In the aforesaid Notification, in the Table, *after* item 8 and the entries relating thereto, the following new item 9 and the entries relating thereto shall be *added*, namely:—

"9. Sweetmeat.....................7½%.".

**No. S.R.O. 69-L/76.**—In exercise of the powers conferred by sub-section (*1*) of section 7 of the Sales Tax Act, 1951 (III of 1951), the Government is pleased to make the following further amendment in the Ministry of Finance notification No. 9, dated the 27th June, 1951, namely:—

In the aforesaid notification, *for* item number 20 and the entries relating thereto, the following shall be *substituted*, namely:—

"20. Such food articles, other than sweetmeat, served in any hotel or restaurant as are manufactured therein.".

By order of the President
K. A. DEWAN
*Joint Secretary.*

## MINISTRY OF INDUSTRIES

NOTIFICATION

**Dacca, the 11th February, 1976.**

**No. S. R.O. 70-L/76/F/ST-1.8/72.**—In exercise of the powers conferred by Article 10 (*1*)(*d*) of Bangladesh Industrial Enterprises (Nationalisation) Order, 1972 (President's Order No. 27 of 1972), read with section 21 of the General Clauses Act, 1897 (X of 1897), the Government is pleased to cancel the Ministry of Industries, Nationalised Industries Division's notification No. S.R.O. 60-L/75/F/ST-1.8/72, dated January 27, 1975.

By order of the President
A. K. SAIFUDDIN
*Deputy Secretary.*

Printed by the Special Officer, Bangladesh Government Press, Dacca.
Published by the Assistant Controller-in-charge, Bangladesh Forms & Publications Office, Dacca.